



বাংলা সিটি পিএলসি.
BANGLA CITY PLC.

—প্রশাসনিক আবাসনের প্রত্যয়ে

Reg. No.: 194954/2024

নং- বিসিপি/প্রশাসন-৩৯/অডিট-২/২০২৫/৩৯

তারিখ : ০৭/১০/২০২৫

অডিট ফর্ম নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলা সিটি পিএলসি'র ২০২৫-২০২৬ অর্থ বছরের নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য বহিঃ নিরীক্ষক (চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ফার্ম) নিয়োগের লক্ষ্যে আইসিএবি (ICAB)-এর তালিকাভুক্ত অংশীদারী চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ফার্ম-এর নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। বহিঃ নিরীক্ষক নিয়োগ সংক্রান্ত শর্তাবলী সম্বলিত দরপত্র বাংলা সিটি পিএলসি'র ওয়েব সাইট www.banglacityplc.com হতে ডাউনলোড পূর্বক সংগ্রহ করা যাবে অথবা প্রয়োজনবোধে কোম্পানির প্রশাসন বিভাগ (৭ম তলা), গাইছে পাক ভবন, ফিল্ট-৬, ২৮-জি/১ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ হতে সরাসরি সংগ্রহ করা যাবে।

যোগ্যতা ও শর্তাবলী :

১. দরপত্র দাখিলকারী ফার্ম অবশ্যই বাংলাদেশ বাংলাদেশ চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউট (ICAB) কর্তৃক নিবন্ধিত হতে হবে;
২. নূন্যতম ১০টি হিসাব পরীক্ষণ কাজের অভিজ্ঞতা থাকতে হবে;
৩. সরকারি/বেসরকারি/কর্পোরেট প্রতিষ্ঠানে অডিট সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে;
৪. দরপত্রের সাথে ফার্মের প্রোফাইল, বৈধ ট্রেড লাইসেন্স, নিবন্ধন সনদ, টিইইএন ও ভ্যাট সনদ এবং পূর্ববর্তী অভিজ্ঞতার প্রমাণপত্র সংযুক্ত করতে হবে;
৫. দরপত্রে প্রদত্ত সর্বনিম্ন দর ও অন্যান্য বিষয় বিবেচনা করে অডিট ফর্ম চূড়ান্ত ভাবে নির্বাচিত করা হবে।
৬. বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না;
৭. কর্তৃপক্ষ যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
৮. কার্যাদেশ পাওয়ার ১০ (দশ) কর্ম দিবস মধ্যে নিয়োগকৃত বহিঃ নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা কার্য সম্পন্ন করে হিসাব বিবরণীসহ ০৫ (পাঁচ) কপি খসড়া নিরীক্ষা হিসাব ও প্রতিবেদন বাংলা সিটি পিএলসি'র চেয়ারম্যান বরাবর পেশ করতে হবে;
৯. চূড়ান্ত প্রতিবেদন যথাযথ হওয়ার পর সরকারি বিধিবিধান অনুযায়ী ট্যাক্স/ভ্যাট ইত্যাদি কর্তৃপক্ষ চেকের মাধ্যমে বিল প্রদান করা হবে;

দরপত্র জমাদান ও খোলার সময়সূচী :

- ১। আগামি ১৪/১০/২০২৫ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে প্রশাসন বিভাগ (৭ম তলা), গাইছে পাক ভবন, ফিল্ট-৬, ২৮-জি/১, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলা সিটি পিএলসি অফিস কক্ষে রক্ষিত বক্সে অথবা ইমেইল : banglacityplc24@gmail.com-এর মাধ্যমে জমা দিতে হবে। ঐ দিন বিকাল ৪:৩০ ঘটিকায় দরপত্র প্রদানকারী ফার্মের প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) নির্বাহী পরিচালক প্রশাসন প্রাপ্ত দরপত্রসমূহ খুলবেন।

M. S. 2025

(মো: নুরুল ইসলাম)

ব্যবস্থাপনা পরিচালক

বাংলা সিটি পিএলসি